ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১২/২০১৫/১৪৮০২

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

বাঘিয়া আল আমিন কামিল মাদরাসা, ডাকঘর: কাশিপুর, উপজেলা: সদর, জেলা: বরিশাল-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০২-০১-২০২৫ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়নের তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৩ থেকে ২৬-০৪-২০২৭ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. একাডেমিক কার্যক্রমকে আরও ত্বরান্বিত করতে হবে;
২. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা আরও বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, রেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;
৩. ছাত্র-ছাত্রীদের ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে হবে;
৪. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে;
৫. প্রতি তিনমাস পর পর অভিভাবক সমাবেশ করত: শিক্ষকদের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নে নিয়মিত মতবিনিময় সভা করতে হবে;
৬. কুরআন তেলাওয়াতের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৭. আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে কো-কারিকুলার একটিভিটিজ-এর প্রতি উৎসাহিত করতে হবে;
৯. আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করত: বিল ভাউচারগুলো যথাযথভাবে সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে;
১০. কম্পিউটার ল্যাবের ব্যবস্থা করে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ করতে হবে;
১১. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও তাদের উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও কার্যকর ভূমিকা পালন করতে হবে;
১২. মাদরাসার মূল ফটক ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি উল্লেখ করত: ক্লাসের নামপ্লেটে বাংলা নামের পাশাপাশি আরবিতে শ্রেণি কক্ষের নাম উল্লেখ করতে হবে;
১৩. ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়াতে হবে;
১৪. ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
১৫. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৪/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, বাঘিয়া আল আমিন কামিল মাদরাসা
ডাকঘর: কাশিপুর, উপজেলা: সদর, জেলা: বরিশাল

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১২/২০১৫/১৪৮০২

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বাঘিয়া আল আমিন কামিল মাদরাসা, ডাকঘর: কাশিপুর, উপজেলা: সদর, জেলা: বরিশাল।
৭. অফিস নথি।

15.07.2025

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫